



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
উলিপুর, কুড়িগ্রাম।
seo.ulipur.kurigram.gov.bd



স্মারক নং -উমাশিঅ/উলি/কুড়ি/প্রশিক্ষণ/২০২৩/২৬১

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা পর্যায়ে ৮ম ও ৯ম শ্রেণির জন্য “নতুন কারিকুলাম বিস্তরণ” বিষয়ক ০৭ (সাত) দিনব্যাপী বিষয়ভিত্তিক শ্রেণি-
শিক্ষকগণের প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।
সূত্র : স্মারক নং- এসইডিপি/ডিএনসি/প্রশাসন ও প্রশিক্ষণ/২৫/২০২৩/৩৫৮ ; তারিখঃ ১৪/১২/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলায় আগামী ১৮-২২ ও ২৬-২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ উলিপুর মহারানী স্বর্ণময়ী স্কুল এন্ড কলেজ ভেন্যুতে ৮ম ও ৯ম শ্রেণির জন্য “নতুন কারিকুলাম বিস্তরণ” বিষয়ক ০৭ (সাত) দিনব্যাপী বিষয়ভিত্তিক শ্রেণি- শিক্ষকগণের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের জন্য অত্র দপ্তরের ওয়েব সাইটে seo.ulipur.kurigram.gov.bd প্রকাশিত তালিকা সংগ্রহ পূর্বক প্রতিষ্ঠান প্যাডে শিক্ষকের নাম ও বিষয় উল্লেখ করে প্রত্যয়ন আগামী ১৭/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। তবে কোন প্রতিষ্ঠান প্রধান, সহপ্রধান, অফিস সহকারী, ল্যাব এ্যাসিস্টেন্ট কিংবা এবতেদায়ী শিক্ষকের নাম অন্তর্ভুক্ত করা যাবে না।

প্রশিক্ষণে অংশগ্রহণের শর্তাবলী নিম্ন :
১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও পাসপোর্ট সাইজের ১কপি ছবি সংগে আনতে হবে।
২। হোয়াটঅ্যাপ এপ্লিকেশন আপডেট ভার্সন, এমবিসহ এন্ড্রয়েট মোবাইল ফোন সংগে আনতে হবে।
৩। ৮ম শ্রেণির বিষয়ভিত্তিক পাঠ্যবই সংগে আনতে হবে।
৪। প্রশিক্ষণার্থীদের অবশ্যই সকাল ৮.০০টার মধ্যে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
৫। প্রশিক্ষণের নিয়মনীতি শতভাগ অনুসরণ করতে হবে।

(মুহঃ মাহতাব হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সকল).....
স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো :

- ১। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম স্কিম, মাউশি, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
- ৬। অধ্যক্ষ, উলিপুর মহারানী স্বর্ণময়ী স্কুল এন্ড কলেজ, উলিপুর, কুড়িগ্রাম (প্রশিক্ষণ চলাকালীন সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। মাস্টার ট্রেনার, (সকল) “নতুন কারিকুলাম বিস্তরণ” প্রশিক্ষণ, উলিপুর, কুড়িগ্রাম (যথাসময়ে উপস্থিত হয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।

(মুহঃ মাহতাব হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উলিপুর, কুড়িগ্রাম।